# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৬৪

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা ইখলাস

بَاب وَمِنْ سُورَةِ الإِخْلاَصِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا أَبُو سَعْدٍ، هُوَ الصَّغَانِيُّ عَنْ أَبِي جَعْفَرٍ الرَّازِيِّ، عَنِ الرَّبِيعِ بْنِ أَنَسٍ، عَنْ أَبِي الْعَالِيَةِ، عَنْ أُبَىِّ بْنِ كَعْبٍ، أَنَّ الْمُشْرِكِينَ، قَالُوا لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم انْسُبْ لَنَا رَبَّكَ . فَأَنْزَلَ اللَّهُ : ( قلْ هُوَ اللَّهُ أَحَدٌ * اللَّهُ الصَّمَدُ ) فَالصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ لأَنَّهُ لَيْسَ شَيْءٌ يُولَدُ إِلاَّ سَيَمُوتُ وَلَيْسَ شَيْءٌ يَمُوتُ إِلاَّ سَيُورَثُ وَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ لاَ يَمُوتُ وَلاَ يُورَثُ : ( لَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ) قَالَ " لَمْ يَكُنْ لَهُ شَبِيهٌ وَلاَ عِدْلٌ وَلَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ " .

বাংলা

৩৩৬৪. আহমদ ইবন মানী (রহঃ) ...... উবাহ ইবন কা’ব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, মুশরিকরা একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললঃ আপনি আপনার প্রভুর নসব বয়ান করুন। আল্লাহ তা’আলা তখন এ প্রসঙ্গে নাযিল করেনঃ (قلْ هُوَ اللَّهُ أَحَدٌ * اللَّهُ الصَّمَدُ) - "বলুন, তিনিই আল্লাহ, একক ও অদ্বিতীয়। আল্লাহ কারো মুখাপেক্ষী নন। তিনি সন্তান জম্ম দেন নি এবং তাকে কেউ সন্তান রূপে জম্ম দেয় নি"।

কেননা যার জন্ম আছে, তার অবশ্যই মৃত্যু আছে। আর যে মরে, সে তার উত্তরাধিকারী রেখে যায়। আর আল্লাহ তা’আলার মৃত্যু নেই, তার উত্তরাধিকারীও নেই।

(وَ لَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ) তার সমতুল্য কেউ নেই, তার অনুরূপ, তার সমান এবং তার মত কিছুই নেই।

الصَّمَدُ الَّذِي ... অংশ বাদে হাদিসটি হাসান, যিলালুল জান্নাহ, তাহকিক ছানী হাঃ ৬৬৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৬৪ [আল মাদানী প্রকাশনী]

## English

Abu Al-Aliyah narrated from Ubayy bin Ka’b:
“The idolaters were saying to the Messenger of Allah: ‘Name the lineage of your Lord for us.’ So Allah, Most High, revealed: Say: “He is Allah, the One. Allah As-Samad.” So As-Samad is ‘the One Who does not beget, nor is He begotten,’ because there is nothing born except it will die, and there is nothing that dies except that it will be inherited from, and verily. Allah, the Mighty and Sublime, does not die, nor is He inherited from. ‘And there is none comparable to Him.’ He said: ‘There is nothing similar to Him, nor equal to Him, nor is there anything like Him.’”

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা‘ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38755

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন